আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে হতদরিদ্রকে অটোভ্যান গাড়ী প্রদান

স্বপ্নবাজ তরুণদের নিরলস প্রচেষ্টায় আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে ফিরোজপুর ইউনিয়নের কাঠালপোতা গ্রামের হতদরিদ্র আসলাম মন্ডলকে তার উপার্জনের জন্য একটি অটোভ্যান গাড়ী উপহার দেওয়া হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মুজিবনগর মুক্তিযোদ্ধু স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ প্রাঙ্গণ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে এই অটোভ্যান গাড়ি উপহার দেওয়া হয়।

আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের সভাপতি সেলিম রেজা, সাধারণ সম্পাদক এস রানা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক উপস্থিত থেকে ভ্যান গাড়িটি প্রদান করেন। এ সময় সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে জন্মভূমি মেহেরপুর সংগঠনটি ২০২০ সালের প্রতিষ্ঠিত হয় বর্তমানে সদস্য সংখ্যা ৪২ হাজার ৮০০ জন। সংগঠনটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই সদস্যদের নিজস্ব অর্থায়নে জেলার বিভিন্ন হতদরিদ্র মানুষকে সহযোগিতা করে আসছে।